# বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
**শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ**
ফোনঃ ০২-২২৩৩৫৪০২৫
ই-মেইলঃ dgmbcbd@krishibank.org.bd


নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)অংশ-১/২০২৩-২০২৪/ ১৮৮৭ তারিখঃ ৩০-০৪-২০২৪ খ্রিঃ

বিষয়ঃ <u>বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪০ তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।</u>

সূত্র নংঃ ১। প্রকা/পসবি-১৯০/২০২৩-২০২৪/২৫১ তারিখ ২০-০৩-২০২৪, পর্ষদ সচিবালয় বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
২। প্রকা/নিবি/নি:-২৫(প:স:)/২০২৩-২০২৪/২১৬৯ তারিখ ২৩-০৪-২০২৪, নিরীক্ষা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

সূত্রোক্ত পত্রের নির্দেশনা মোতাবেক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা পর্যায়ে ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করার পরে নিয়োজিত নিরাপত্তা প্রহরী ব্যতীত ব্যাংকের কোন কর্মকর্তা/কর্মচারীর শাখার অভ্যন্তরে রাত্রিযাপন না করার বিষয়টি নিশ্চিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩০.০৪.২৪
(কে. এম. হাবিব-উন-নবী)
উপমহাব্যবস্থাপক

<u>বিতরণঃ</u>
০১। মহাব্যবহাপক, সকল বিভাগীয় কার্যালয় ও স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০২। উপ-মহাব্যবস্থাপক, সকল কর্পোরেট শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৩। মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক ব্যবস্থাপক, সকল মুখ্য আঞ্চলিক ও আঞ্চলিক কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৪। শাখা ব্যবস্থাপক, সকল শাখা, বাংলাদেশ কৃষি ব্যাংক।

নং-প্রকা/শানিব্যউবি-১(৩৩)/২০২৩-২০২৪/ ১৮৮৮ তারিখঃ ৩০-০৪-২০২৪ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপিঃ</u>
০১। চিফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়/স্টাফ কলেজ, ঢাকা।
০৪। সকল উপমহাব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। আইসিটি সিস্টেমস্ বিভাগকে পত্রটি ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
০৫। বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৬। আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক।
০৭। নথি/মহানথি।

৩০/০৪/২৪
(মোহাম্মদ মইনুল ইসলাম খান)
সহকারী মহাব্যবস্থাপক

# নিরীক্ষা বিভাগ

**বিষয় ঃ** **বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪০তম সভায় গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসঙ্গে।**

শিরোনামে বর্ণিত বিষয়ে পর্ষদ সচিবালয় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা'র ২০/০৩/২০২৪ তারিখের পত্র নং-২৫১ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রের মাধ্যমে বিগত ১৯/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪০তম সভার কার্যবিবরণী প্রেরণ করা হয়েছে। কার্যবিবরণীতে উল্লেখিত উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের মধ্যে ৩ নং সিদ্ধান্ত নিম্নরূপ:-

> " বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা পর্যায়ে ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করার পরে নিয়োজিত নিরাপত্তা প্রহরী ব্যতীত ব্যাংকের কোনো কর্মকর্তা/কর্মচারীর শাখার অভ্যন্তরে রাত্রিযাপন না করার বিষয়ে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে।"

০৩। এমতাবস্থায়, বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় গৃহীত উপরোক্ত সিদ্ধান্ত বাস্তবায়নার্থে পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি সংশ্লিষ্ট বিধায় অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বর্ণনামতে।

২৩/০৪/২০২৪

(মুহম্মদ সাজ্জাদ হোসেন)
উপমহাব্যবস্থাপক

উপমহাব্যবস্থাপক
শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ
বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।

প্রকা/নিবি/নিঃ-২৫(পঃসঃ)/২০২৩-২০২৪/ ২৮৬৯ তারিখঃ ২৩/০৪/২০২৪

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ**

১. স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
২. সচিব, পর্ষদ সচিবালয় বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
৩. নথি/মহানথি।

D:\Various letter\U-Note.doc

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, ঢাকা

পর্ষদ সচিবালয় বিভাগ

বিষয়ঃ ১৯-০৩-২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪০তম সভার কার্যবিবরণী।

বিগত ১৯-০৩-২০২৪ তারিখে অনুষ্ঠিত বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪০তম সভার কার্যবিবরণী সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদ্‌সঙ্গে ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগে প্রেরণ করা হলো।

| ক্রঃনং | সংশ্লিষ্ট বিভাগ | আলোচ্যসূচি নম্বর |
|---|---|---|
| ~~০১।~~ | ~~নিরীক্ষা বিভাগ~~ | ০১ |
| ০২। | মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ | ০১ (৪) |
| ০৩। | আইসিটি সিস্টেমস বিভাগ | ০১ (০৫ ও ০৬) |

২০/০৩/২০২৪

(কাজী মোহাম্মদ নজরে মঈন)
বোর্ড সচিব

সংযুক্তিঃ বর্ণনামতে।

---

আঃ পত্র নং-পসবি-১৯০/২০২৩-২০২৪/৫৫১ তারিখঃ ২০-০৩-২০২৪

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার,ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়গণের সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
০৪। স্টাফ অফিসার,মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ)মহোদয়ের দপ্তর,বিকেবি,প্রকা,ঢাকা।
০৫। নথি।

২০/০৩/২০২৪

(এস. কে. হাসনা পারভীন )
সহকারী মহাব্যবস্থাপক

# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, ঢাকা

Web: www.krishibank.org.bd

বিষয়: বাংলাদেশ কৃষি ব্যাংক ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪০তম সভার কার্যবিবরণী

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জনাব তাহমিদ হাসনাত খান<br>পরিচালক, পরিচালনা পর্ষদ, বাংলাদেশ কৃষি ব্যাংক। |
| সভার স্থান | : | পর্ষদ সভাকক্ষ, বাংলাদেশ কৃষি ব্যাংক। |
| সভার তারিখ | : | ১৯ মার্চ ২০২৪ |
| সময় | : | মঙ্গলবার বেলা ১২:৩০ |
| উপস্থিত সদস্য | : | ০১. জনাব মৃত্যুঞ্জয় সাহা — পরিচালক<br>০২. জনাব মোঃ তোফাজ্জেল হোসেন — পরিচালক |

সভায় আরও উপস্থিত ছিলেন উপব্যবস্থাপনা পরিচালক সর্বজনাব চানু গোপাল ঘোষ, খান ইকবাল হোসেন ও সালমা বানু এবং মহাব্যবস্থাপক (আন্তর্জাতিক ও হিসাব মহাবিভাগ) জনাব আবু সাঈদ মোঃ রওশানুল হক ও মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ) জনাব মোঃ নাজমুল হোসেন। এছাড়াও পরিচালনা পর্ষদের সচিব ও বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সদস্য সচিব জনাব কাজী মোহাম্মদ নজরে মঈন, পর্ষদ সচিবালয় বিভাগের ঊর্ধ্বতন মুখ্য কর্মকর্তা জনাব মো. সালাহ্ উদ্দীন এবং কার্যপত্র সংশ্লিষ্ট উপমহাব্যবস্থাপক ও কর্মকর্তাবৃন্দ সভায় উপস্থিত ছিলেন।

সভাপতি কর্তৃক বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির ৪০তম সভায় উপস্থিত সকলকে স্বাগত জানানোর মাধ্যমে সভার কার্যক্রম শুরু করা হয়।

আলোচ্যসূচি নং-০১: Risk Based Audit Plan অনুযায়ী Security and Safety Risk এর Factor সমূহ যথাযথ বিশ্লেষণকরত শাখাসমূহের নিরাপত্তা ঝুঁকি সম্পর্কিত প্রস্তাবনাসমূহ বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিতে উপস্থাপন প্রসঙ্গে। নিরীক্ষা বিভাগ।

বাংলাদেশ কৃষি ব্যাংকের ১০৩৮টি শাখার মধ্যে ১৬টি এডি শাখা এবং ১০২২টি নন এডি শাখা। ৩০-০৬-২০২৩ তারিখভিত্তিক Risk Based Auditing System অনুযায়ী Security and Safety Risk এর মূল্যায়নে উচ্চ ঝুঁকিতে কোনো শাখা নেই, তবে ৭১৮টি শাখা মধ্যম ঝুঁকিতে রয়েছে এবং অবশিষ্ট ৩২০টি শাখা নিম্ন ঝুঁকিতে রয়েছে। Risk Based Auditing System অনুযায়ী শাখাসমূহের জন্য নিরূপিত Security and Safety Risk এর গুরুত্বপূর্ণ Factor সমূহ (যেমন: ভল্ট লিমিট বিবেচনাপূর্বক শাখার নিরাপত্তায় সশস্ত্র নিরাপত্তা প্রহরী নিয়োগ, শাখায় ভল্টের চাবি ব্যবহার বিধি ইত্যাদি) যথাযথ বিশ্লেষণকরত শাখাসমূহের নিরাপত্তা নিশ্চিত করার বিষয়ে কতিপয় প্রস্তাবনা পর্যালোচনা করার নিমিত্ত নিম্নবর্ণিতভাবে কার্যপত্রে উপস্থাপন করা হয়।

ক) Risk Based Auditing System অনুযায়ী Security and Safety Risk এর নিম্নোক্ত বিষয়সমূহ শাখা কর্তৃক সঠিকভাবে পরিপালন না করায় শাখা মধ্যম ঝুঁকি শ্রেণিতে উপনীত হচ্ছে, যা যথাযথভাবে পরিপালন করতে হবে:

I. শাখার নিরাপত্তা এবং নথি সম্পাদন রেজিস্টার সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা।
II. শাখার গুরুত্বপূর্ণ নিরাপত্তা নথি (চেক, স্বাক্ষর কার্ড, শাখা ট্রেড লাইসেন্স, শাখা ভাড়া দলিল, সঞ্চয়পত্র, মূল্য সংযোজন ফর্ম, অন্যান্য) সঠিকভাবে সংরক্ষণ করা।
III. ব্যাংকের নিরাপত্তা সংক্রান্ত কাগজপত্র যেমন চেক বই, ডিডি বই, এমটি বই এবং এফডিআর বই যথাযথভাবে রেজিস্টারে অন্তর্ভুক্তকরণ ও সংরক্ষণ করা।
IV. "কী রেজিস্টার" সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা।
V. শাখার নিরাপত্তার জন্য রাইফেল, কার্তুজের লাইসেন্স নবায়ন।

VI. অব্যবহৃত আইও রসিদ বইয়ের রেকর্ড রেজিস্টার, ডেবিট ক্যাশ ভাউচার প্যাড, ডিডি প্যাড সঠিকভাবে রক্ষণাবেক্ষণ ও রেকর্ডভুক্তকরণ।

VII. ভাউচার রেজিস্টার সঠিকভাবে রক্ষণাবেক্ষণ ও অনুমোদন গ্রহণ।

VIII. শাখার নিরাপত্তার জন্য অগ্নি নির্বাপক যন্ত্র, বালি বা পানি দ্বারা পূর্ণ জার সংরক্ষণ করা।

খ) ভল্ট লিমিট বিবেচনাপূর্বক শাখার নিরাপত্তায় সশস্ত্র নিরাপত্তা প্রহরী নিয়োগ।

গ) শাখায় পর্যাপ্ত পরিমাণে সিসি ক্যামেরা স্থাপন, সিসি ক্যামেরা সার্বক্ষণিক সচল রাখার ব্যবস্থা গ্রহণ ও মনিটরিং।

ঘ) ICT Security Policy তে বর্ণিত নির্দেশনাবলিসহ নিম্নোক্ত নির্দেশনা যথাযথভাবে পরিপালন করতে হবে:

I. শাখার সার্ভার, পিসি, নেটওয়ার্ক এবং অন্যান্য সরঞ্জামগুলি রক্ষণাবেক্ষণের জন্য শাখায় কর্মরত কোনো অনুমোদিত কর্মকর্তাকে দায়িত্ব প্রদান।

II. সার্ভার, পিসি, ইমেইল এবং ব্যাংকিং সফটওয়্যারের পাসওয়ার্ডের গোপনীয়তা নিশ্চিতকরণ।

III. শাখার যে সকল কম্পিউটারে ব্যাংকিং সফটওয়্যার ব্যবহার করে দৈনন্দিন লেনদেন পরিচালিত হয় সে সকল কম্পিউটারের সুরক্ষা নিশ্চিতকরণ।

IV. সার্ভার রুমে প্রবেশের জন্য রেজিস্টার সংরক্ষণ।

V. শাখায় কোনো অপ্রয়োজনীয় যোগাযোগ লিংক না রাখা।

VI. নির্ধারিত সময় পর পর User Password পরিবর্তন নিশ্চিতকরণ।

VII. কম্পিউটার ব্যবহার করার সময় পাসওয়ার্ডের ক্ষেত্রে সর্বোচ্চ গোপনীয়তা নিশ্চিতকরণ।

ঙ) তহবিল প্রেরণ/আনয়নের ক্ষেত্রে নিম্নোক্ত সতর্কতা অবলম্বন করতে হবে:

I. নগদ টাকা পরিবহণের জন্য ব্যাংকের যানবাহন ব্যবহার।

II. নগদ টাকা পরিবহণের সকল ক্ষেত্রে কোষাধ্যক্ষ/সহকারী কোষাধ্যক্ষের সাথে আবশ্যিকভাবে একজন কর্মকর্তা ও প্রহরী সঙ্গে থাকবে।

III. কোনো অবস্থায় মোটর সাইকেল বা বাইসাইকেলে নগদ টাকা পরিবহণ না করা।

IV. নিরাপত্তার স্বার্থে নিয়মিতভাবে একই সময় অনুসরণ না করে বিভিন্ন সময়ে স্থানীয় ব্যাংক হতে নগদ টাকা আনা নেওয়া করা।

V. নগদ টাকা আনা নেওয়ার বিষয়টি বিমা আওতাভুক্ত নয়। ফলে ব্যাংকের টাকার নিরাপত্তার জন্য ব্যবস্থাপক কর্তৃক সম্ভাব্য সকল প্রকার নিরাপত্তামূলক পদক্ষেপ গ্রহণ নিশ্চিতকরণ।

Security and Safety Risk সহ Risk Based Auditing System এর ০৬টি ঝুঁকি শ্রেণির প্রত্যেকটিতে শাখার ঝুঁকির মাত্রা নিম্ন পর্যায়ে নামিয়ে আনার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য ইতিমধ্যে শাখাসমূহকে নির্দেশনা প্রদান করা হয়েছে মর্মে কার্যপত্রে উল্লেখ করা হয়।

শাখার ঝুঁকির মাত্রা নিম্ন পর্যায়ে নামিয়ে আনার জন্য শাখার নিরাপত্তায় সশস্ত্র নিরাপত্তা প্রহরী নিয়োগ ও সিন্দুকের চাবি ব্যবহার বিধি সংক্রান্ত নিম্নোক্ত ব্যবস্থাদি গৃহীত হয়েছে মর্মে কার্যপত্রে উল্লেখ করা হয়।

ক) ভল্ট লিমিট বিবেচনাপূর্বক শাখার নিরাপত্তায় সশস্ত্র নিরাপত্তা প্রহরী নিয়োগের বিষয়ে প্রকিউরমেন্ট এবং কর্মী কল্যাণ ও পরিবহণ বিভাগ কর্তৃক ব্যাংকের সার্বিক নিরাপত্তা ব্যবস্থা সুদৃঢ়করণের লক্ষ্যে ঝুঁকি ও গুরুত্ব বিবেচনায় প্রাথমিকভাবে ০৫ (পাঁচ)টি শাখায় (স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা; ষোলশহর শাখা, চট্টগ্রাম; সিলেট কর্পোরেট শাখা, সিলেট; ময়মনসিংহ শাখা, ময়মনসিংহ এবং খুলনা কর্পোরেট শাখা, খুলনা) সশস্ত্র নিরাপত্তা প্রহরী হিসেবে বাংলাদেশ আনসার বাহিনীর সদস্যদেরকে নিয়োগের প্রস্তাবটি ব্যাংকের পরিচালনা পর্ষদের ৮৪৭তম সভায় অনুমোদিত হয়েছে মর্মে কার্যপত্রে উল্লেখ করা হয়।

খ) শাখায় নিরাপত্তা সিন্দুকের চাবি ব্যবহার বিধি সংক্রান্ত হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়েল-২০১০ এ উল্লিখিত অনুচ্ছেদ নং-৫.১১ ও ৫.১২ এর নিম্নোক্ত নির্দেশনা সঠিকভাবে পরিপালন হচ্ছে কিনা তা শাখা নিরীক্ষাকালে যাচাইকরণ এবং শাখার নিরীক্ষা প্রতিবেদনে যথাযথভাবে আলোকপাতকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের নির্দেশনা প্রদান করে সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তাগণকে ইতিমধ্যে নিরীক্ষা বিভাগ, প্রকা, ঢাকা হতে পত্র প্রেরণ করা হয়:

I. নিরাপত্তা সিন্দুকের চাবি ব্যবস্থাপক ও কোষাধ্যক্ষ/সহকারী কোষাধ্যক্ষের নিকট সংরক্ষণ করা।

II. ব্যবস্থাপকের কর্মস্থলে অনুপস্থিতির সময় চাবি রেজিষ্টারে (এসিএফ-৭৫) অন্তর্ভুক্তির মাধ্যমে ব্যবস্থাপকের পরবর্তী মর্যাদা সম্পন্ন কর্মকর্তা বা কর্মস্থলে উপস্থিত জ্যেষ্ঠতম অনুমোদিত স্বাক্ষরকারী ব্যবস্থাপকের চাবির দায়িত্ব প্রদান।

III. কোনো ক্ষেত্রেই নিরাপত্তা কক্ষ/সিন্দুকের উভয় তালার চাবিসমূহ একজনের নিকট গচ্ছিত না রাখা।

IV. নিরাপত্তা সিন্দুক পরিচালনের দায়িত্বে নিয়োজিত কর্মকর্তা/কর্মচারীগণ নিরাপত্তা সিন্দুক খোলার সময় ব্যক্তিগতভাবে উপস্থিত থাকা।

V. চাবিসমূহ সব সময় সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীর ব্যক্তিগত জিম্মায় রাখা।

VI. কোনো অবস্থাতেই অন্য কোনো অননুমোদিত কর্মকর্তা/কর্মচারীর নিকট এই চাবি হস্তান্তর বা প্রদান না করা।

VII. সবসময়েই নিরাপত্তা সিন্দুকের চাবি যৌথভাবে ব্যবস্থাপক ও কোষাধ্যক্ষ নিয়ন্ত্রণ করবেন কেননা তারা চাবি হারানো বা অননুমোদিত ব্যবহারের জন্য দায়ী থাকবেন।

VIII. সিন্দুকের দ্বিতীয় গুচ্ছ চাবি জেলা সদরে অবস্থিত বাংলাদেশ কৃষি ব্যাংকের প্রধান শাখায় সংরক্ষণ করা।

IX. জেলা সদর শাখার সিন্দুকের দ্বিতীয় গুচ্ছ চাবি স্থানীয় সোনালী ব্যাংকের সদর শাখায় রাখতে হবে। প্রয়োজনবোধে মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের অনুমোদন সাপেক্ষে ব্যবস্থাপক ও দ্বিতীয় কর্মকর্তার যৌথ স্বাক্ষরে ঐ চাবি উঠানো যাবে।

X. স্ট্রং রুমের দরজার চাবি শাখার দ্বিতীয় কর্মকর্তা কর্তৃক সংরক্ষণ করা।

XI. কর্পোরেট শাখার ক্ষেত্রে নিরাপত্তা সিন্দুকের চাবি সহকারী মহাব্যবস্থাপক ও সিনিয়র টেলার যৌথভাবে সংরক্ষণ এবং স্ট্রং রুমের চাবি দায়িত্বপ্রাপ্ত টেলারের সঙ্গে শাখার জ্যেষ্ঠতম উর্ধ্বতন মুখ্য কর্মকর্তা কর্তৃক যৌথভাবে সংরক্ষণ করা।

XII. কর্পোরেট শাখার ক্ষেত্রে নিরাপত্তা সিন্দুকের দ্বিতীয় গুচ্ছ চাবি ঢাকা মেট্রোপলিটান এলাকার ক্ষেত্রে স্থানীয় মুখ্য কার্যালয়ে এবং অন্যান্য কর্পোরেট শাখার ক্ষেত্রে জেলা সদর শাখায় সংরক্ষণ করা।

XIII. জেলা সদর শাখাটি কর্পোরেট শাখা হলে সেক্ষেত্রে যথারীতি সোনালী ব্যাংকের জেলা সদর শাখায় রাখতে হবে। প্রয়োজনবোধে সংশ্লিষ্ট মহাব্যবস্থাপকের অনুমোদন সাপেক্ষে উপমহাব্যবস্থাপক ও সংশ্লিষ্ট সহকারী মহাব্যবস্থাপকের যৌথ স্বাক্ষরে ঐ চাবি উঠানো যাবে।

গ) শাখার নিরাপত্তা সিন্দুকের চাবি ব্যবহার সংক্রান্ত নিয়মাবলি যথাযথ ও সঠিকভাবে পরিপালন করার জন্য সকল শাখা ব্যবস্থাপককেও নির্দেশনা প্রদান করা হয়। এতদসংক্রান্ত বিষয়সমূহ শাখা কর্তৃক যথাযথভাবে পরিপালিত হচ্ছে কিনা তা শাখা আকস্মিক পরিদর্শনকালে যথাযথভাবে আলোকপাতকরণের মাধ্যমে প্রতিবেদনে অন্তর্ভুক্তকরত নিরীক্ষা বিভাগকে অবহিত করার জন্য বিকেবি, প্রধান কার্যালয়ের মনিটরিং বিভাগকে ইতিমধ্যে পত্র প্রেরণ করা হয়েছে মর্মে কার্যপত্রে উল্লেখ করা হয়।

Risk Based Audit Plan অনুযায়ী Security and Safety Risk এর Factor সমূহ যথাযথ বিশ্লেষণকরত শাখাসমূহের নিরাপত্তা ঝুঁকি সম্পর্কিত উপর্যুক্ত বিষয়াদি ও এতদবিষয়ক গৃহীত কার্যক্রম বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটিকে অবহিতকরণের নিমিত্ত কার্যপত্র উপস্থাপন করা হয়।

সভায় বিষয়টির উপর বিস্তারিত পর্যালোচনাপূর্বক নিম্নবর্ণিত সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

সিদ্ধান্ত:

Risk Based Audit Plan অনুযায়ী Security and Safety Risk এর Factor সমূহ যথাযথ বিশ্লেষণকরত শাখাসমূহের নিরাপত্তা ঝুঁকি সম্পর্কিত গৃহীত কার্যক্রম ও প্রস্তাবনাসমূহ কমিটি অবহিত হন এবং নিম্নবর্ণিত সিদ্ধান্ত প্রদান করেন।

০১। বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখাসমূহের সার্বিক নিরাপত্তা নিশ্চিতকরণের লক্ষ্যে ব্যাংকের Risk Based Auditing System অনুযায়ী Security and Safety Risk এর বিদ্যমান নিরীক্ষা পদ্ধতি অনুযায়ী মধ্যম ঝুঁকি শ্রেণিতে পরিণত শাখাসমূহকে নিম্ন ঝুঁকিতে রূপান্তরের লক্ষ্যে এতদবিষয়ক সুস্পষ্ট ও সুনির্দিষ্ট দিক নির্দেশনা মাঠ পর্যায়ে জারি করতে হবে।

০২। ব্যাংকের ১০৩৮টি শাখার মধ্যে Risk Based Auditing System অনুযায়ী নির্ণীত মধ্যম ঝুঁকির ৭১৮টি শাখার মধ্যে প্রত্যেক বিভাগ হতে Random Basis এ দুইটি করে শাখা সরজমিনে পরিদর্শন করে মূল্যায়নের সঠিকতা যাচাইয়ের লক্ষ্যে Reassessment করার নিমিত্ত মহাব্যবস্থাপক (অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন মহাবিভাগ) কর্তৃক পরিপালন বিভাগের কর্মকর্তাগণের সমন্বয়ে একটি Special Team গঠন করতে হবে। এক্ষেত্রে উক্ত Special Team কর্তৃক শাখাসমূহ সরজমিনে পরিদর্শনপূর্বক Risk Based Auditing এর মাধ্যমে ইতিপূর্বে নিরীক্ষিত শাখার ঝুঁকি শ্রেণিমানের যথার্থতা/সঠিকতা যাচাইপূর্বক এতদসংক্রান্ত একটি মূল্যায়ন প্রতিবেদন জুলাই/২০২৪ মাসে অনুষ্ঠাতব্য বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

০৩। বাংলাদেশ কৃষি ব্যাংকের শাখা পর্যায়ে ব্যাংকিং কার্যক্রম সম্পন্ন করার পরে নিয়োজিত নিরাপত্তা প্রহরী ব্যতীত ব্যাংকের কোনো কর্মকর্তা/কর্মচারীর শাখার অভ্যন্তরে রাত্রিযাপন না করার বিষয়ে মাঠ পর্যায়ে নির্দেশনা প্রদান করতে হবে।

০৪। বাংলাদেশ কৃষি ব্যাংকের কোর রিস্কসহ (সম্পদ-দায় ঝুঁকি, ঋণ ঝুঁকি, অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ ও পরিপালন ঝুঁকি, মানিলন্ডারিং প্রতিরোধ ঝুঁকি, তথ্য প্রযুক্তি ঝুঁকি, বৈদেশিক বাণিজ্য ঝুঁকি এবং পরিবেশ ও সামাজিক ঝুঁকি ইত্যাদি) অন্যান্য রিস্ক ফ্যাক্টর (তারল্য ঝুঁকি, পরিচালনাগত ঝুঁকি, নিরীক্ষা ঝুঁকি, বাজার ঝুঁকি ইত্যাদি) বিশ্লেষণ এবং এতদসংক্রান্ত ঝুঁকিসমূহ রোধকল্পে অত্র ব্যাংকের কর্মপরিকল্পনা ও এর বিপরীতে গৃহীত পদক্ষেপের তথ্যাদি পর্যালোচনাপূর্বক সুনির্দিষ্ট সুপারিশসহ একটি প্রতিবেদন পরবর্তী ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়ন: মানিলন্ডারিং, সন্ত্রাসে অর্থায়ন প্রতিরোধ ও ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ।

০৫। নিরাপত্তা ঝুঁকি হ্রাসকল্পে ব্যাংকের সকল শাখায় রক্ষিত সিসি ক্যামেরার ডিভিআর বক্স শাখার অভ্যন্তরে এমন স্থানে সংরক্ষণ করতে হবে যাতে দৃষ্টিগোচর না হয়। এছাড়াও শাখাসমূহের নিরাপত্তার স্বার্থে শাখার অভ্যন্তরে ও বাহিরে দৃশ্যমান স্থানে "শাখার সার্বিক কার্যক্রম সার্বক্ষণিক সিসি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত" মর্মে প্ল্যাকার্ড/সাইনবোর্ড/ফেস্টুন/ব্যানার প্রদর্শনের কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। শাখার সিসি ক্যামেরার ভিডিও ফুটেজ পার্শ্ববর্তী শাখা, সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয় এবং প্রধান কার্যালয়সহ ক্লাউড স্টোরেজে সংরক্ষণের বিষয়টি পর্যালোচনাকরত এতদসংক্রান্ত প্রাক্কলিত ব্যয়ের তথ্যসহ কতিপয় বিকল্প প্রস্তাবনা আইসিটি সিস্টেমস বিভাগ কর্তৃক পরবর্তী বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় উপস্থাপন করতে হবে।

বাস্তবায়ন: আইসিটি সিস্টেমস বিভাগ।

০৬। বাংলাদেশ কৃষি ব্যাংকের সকল শাখা অনলাইনের আওতায় চলে আসায় ব্যাংকিং লেনদেনের ক্ষেত্রে নিরাপত্তা জোরদার ও আইসিটি সংক্রান্ত ঝুঁকি রোধ করার লক্ষ্যে সিবিএসসহ অন্যান্য পাসওয়ার্ড প্রোটেক্টর সাইটের পাসওয়ার্ড ০৩ (তিন) মাসের মধ্যে আবশ্যিকভাবে পরিবর্তনের জন্য ব্যাংকের সর্বস্তরের কর্মকর্তা/কর্মচারীদেরকে নির্দেশনা প্রদান করতে হবে। এক্ষেত্রে পাসওয়ার্ড সেট আপ করার ক্ষেত্রে আন্তর্জাতিক মানদণ্ডের নমুনা প্রদানসহ অনুসরণের নির্দেশনা প্রদান করতে হবে এবং সয়ংক্রিয়ভাবে পাসওয়ার্ড পরিবর্তনের বিষয়ে অ্যালার্ট সিস্টেম চালু করতে হবে।

বাস্তবায়ন: আইসিটি সিস্টেমস বিভাগ।

সভায় গৃহীত সিদ্ধান্তসমূহ পরবর্তী সভায় দৃঢ়ীকৃত হওয়ার পূর্বেই বাস্তবায়ন করা যাবে।

সভায় উপস্থিত বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সদস্যগণসহ ব্যাংকের কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপনের মাধ্যমে সভাপতি কর্তৃক সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২০/০৩/২০২৪
(কাজী মোহাম্মদ নজরে মঈন)
সদস্য সচিব
বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি
ও
সচিব
পর্ষদ সচিবালয় বিভাগ
বিকেবি, প্রকা, ঢাকা

২০/০৩/২০২৪
(মোঃ তোফাজ্জেল হোসেন)
সদস্য
বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি
ও
পরিচালক, পরিচালনা পর্ষদ
বাংলাদেশ কৃষি ব্যাংক

২০.৩.২০২৪
(মৃত্যুঞ্জয় সাহা)
সদস্য
বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি
ও
পরিচালক, পরিচালনা পর্ষদ
বাংলাদেশ কৃষি ব্যাংক

২০/৩/২০২৪
(তাহমিদ হাসনাত খান)
সভাপতি
বিকেবি ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি
ও
পরিচালক, পরিচালনা পর্ষদ
বাংলাদেশ কৃষি ব্যাংক